

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 30 June, 2025

বিএনপি'র কেন্দ্রীয় সহ সাংগঠনিক সম্পাদক (চট্টগ্রাম বিভাগ) ব্যারিস্টার মীর মোহাম্মদ হেলাল উদ্দীন বলেছেন, জনগণের গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার বিরুদ্ধে ষড়যন্ত্র না করে নির্বাচনে আসুন, নিজেদের জনপ্রিয়তা যাচাই করুন। জনগণের ম্যাডেট নিয়ে রাষ্ট্র পরিচালনার সুযোগ নিন যারা নির্বাচন ছাড়া ক্ষমতা দীর্ঘায়িত করার চেষ্টা করবেন তারা এদেশের মাটিতে গণধিকৃত হবেন।

মীর হেলাল রবিবার (২৯ জুন) বিকেলে স্থানীয় আলিপুর হাই স্কুল মাঠে হাটহাজারী পৌর বিএনপির উদ্যোগে নতুন সদস্য সংগ্রহ নবায়ন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন।

সমাবেশে ব্যারিস্টার হেলাল বলেন, দেশে নির্বাচনের সম্পূর্ণ পরিবেশ বিরাজ করছে বাংলাদেশের মানুষ তাদের ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে একটি সত্যিকারের দেশপ্রেমিক সরকার প্রতিষ্ঠার জন্য উন্মুক্ত হয়ে আছে।

বিএনপিকে এদেশের মাটি ও মানুষের সংগঠন হিসেবে উল্লেখ করে মীর হেলাল বলেন, বাংলাদেশের প্রতিটি ঘর বিএনপি'র এক একটি দুর্গ। অতীতে আওয়ামী লীগ বিএনপিকে আদর্শিকভাবে মোকাবেলা করতে ভয় পেতো এখন দেশের নির্বাচন বিরোধীরা বিএনপিকে নির্বাচনের মাঠে মোকাবেলা করতে সাহস না পেয়ে অনির্বাচিত সরকারের ক্ষমতা দীর্ঘায়িত করার চেষ্টা করছে।

মধ্য ফেব্রুয়ারির পরে একদিনও নির্বাচন পেছানোর চেষ্টা জনগণ মেনে নিবে না উল্লেখ করে মেনে নিবে না উল্লেখ করে মীর হেলাল বলেন, তালবাহানা না করে জনগণের ক্ষমতা জনগণের কাছে ফিরিয়ে দিন। প্রয়োজনীয় সংস্কার জনগণের সরকারই করবে। এখন পর্যন্ত দেশের যে মৌলিক সংস্কারগুলি হয়েছে তার প্রায় সবগুলোই শহীদ জিয়া শুরু গড়েছিলেন। তাই জিয়াউর রহমানই আধুনিক বাংলাদেশের রূপকার। আর বিএনপি একটি আধুনিক উন্নয়নমুখী গণতান্ত্রিক দল যা দেশে এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত।

মীর হেলাল বলেন, দেড় যুগধরে একটি ভোটাধীন অবৈধ ক্ষমতা দখলকারী স্বৈরাচার শাসকের বিরুদ্ধে আন্দোলন করেছিল বিএনপি। গুম, খুন, অত্যাচার নির্যাতন সহ করে এখন পর্যন্ত ভোটাধিকার ফিরিয়ে পাওয়ার লক্ষ্যে বিএনপিই মাঠে ঠিকে আছে। যদি আবার কোন নতুন ষড়যন্ত্র দেখতে পায় তাহলে জনগণকে সাথে নিয়ে ভোটাধিকার পুনরুদ্ধার আন্দোলনে রাজপথেই অবস্থান নিবে বিএনপি। বিএনপিই জনগণের আশা ভরসার কেন্দ্রস্থল বলে উল্লেখ করে মীর হেলাল বলেন জনগণের সরকার প্রতিষ্ঠা করতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান জনগণের ক্ষমতা জনগণের কাছে ফিরিয়ে দিতে দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ।

হাটহাজারী পৌরসভার ৪নং ওয়ার্ড বিএনপির সভাপতি নুরুল আমিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উপজেলা বিএনপির আহ্বায়ক আলহাজ্ব নুর মোহাম্মদ পৌর বিএনপি আহ্বায়ক জাকির হোসেন, হাটহাজারী উপজেলা বিএনপি'র সদস্য সচিব মোঃ গিয়াস উদ্দিন চেয়ারম্যান, পৌরসভা বিএনপির সদস্য সচিব অহিদুল আলম উপজেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ডাঃ মোঃ রফিক, পৌরসভা বিএনপির যুগ্ম আহ্বায়ক এম এ শুক্কুর।

৪ নং ওয়ার্ড বিএনপি সাধারণ সম্পাদক নুরুল ইসলামের সঞ্চালনায় সমাবেশে উপস্থিত

ছিলেন, দক্ষিণ জেলা বিএনপি'র যুগ্ম আহ্বায়ক মিশকাতুল ইসলাম চৌধুরী পাশ্লা, যুগ্ম আহ্বায়ক মুজিবুর রহমান চেয়ারম্যান র জেলা বিএনপি'র সদস্য, সাবেক উপজেলা চেয়ারম্যান আবুল হাসনাত, বায়েজিদ থানা বিএনপি'র সাবেক সভাপতি আব্দুল্লাহ আল হারুন, চট্টগ্রাম মহানগর যুবদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি ইকবাল হোসেন, সাবেক সহ-সভাপতি আসিফ চৌধুরী, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব আকবর আলী, ছাত্রদলের সাবেক সাধারণ সম্পাদক মনিরুল আলম জনি, উত্তর জেলা ছাত্রদলের সভাপতি তকিবুল হাসান চৌধুরী তুকী, চট্টগ্রাম মহানগর ছাত্রদলের সদস্য সচিব শরিফুল ইসলাম তুহিন, উত্তর জেলা জাসাসের সভাপতি সাইফুল ইসলাম টুটুল, জালালাবাদ ওয়ার্ড বিএনপির সভাপতি মোহাম্মদ বেলাল, উপজেলা যুবদলের সাধারণ সম্পাদক নুরুল কবির তালুকদার, যুগ্ম সম্পাদক জিএম সাইফুল, জেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক রেজাউল করিম চৌধুরী রকিসহ উপজেলা পৌর বিএনপি ও বিভিন্ন অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

বিএনপি সমাবেশ চট্টগ্রাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 01 July, 2025 03:42

URL: <https://www.timestodaybd.com/across-the-country/2611513963>